

প্রেস বিজ্ঞপ্তি

নিখিলবঙ্গ অধ্যক্ষ পরিষদ তাদের সংগঠনের ওয়েবসাইট www.abpcinfo.org আজ আনুষ্ঠানিকভাবে প্রকাশ করল। অনেকদিন ধরেই ভেবেছি রাজ্যের সাধারণ কলেজীয় উচ্চশিক্ষা সংক্রান্ত একটি সামগ্রিক চিত্র এবং তৎসংক্রান্ত তথ্য চট জলদি পাওয়ার ব্যাপারে আমরা উদ্যোগী হব। এই ওয়েবসাইট সেই উদ্দেশ্য পূরণে অনেকটাই সহায়ক হবে এই আশা রাখি। তথ্য নিরন্তর পরিবর্তিত হবে, ফলে ওয়েবসাইট ও নিয়মিত সংস্কার এবং পরিমার্জন করে নতুন তথ্য সংকলন করা হবে। আমরা এই কাজে সংশ্লিষ্ট সব পক্ষের গঠনমূলক সমালোচনা এবং উপদেশ সানন্দে গ্রহণ করবো।

আমাদের ওয়েবসাইটে ‘কলেজ লিংক’ এর সাহায্যে রাজ্যের সাধারণ ডিগ্রী কলেজগুলির নাম, ফোন নং, অধ্যক্ষের নাম এবং ফোন নং পাওয়া যাবে।

‘কমিটি’ লিংক থেকে আমাদের সংগঠনের বিভিন্ন পদাধিকারী অধ্যক্ষ, বিভিন্ন কমিটির অধ্যক্ষদের নাম, কলেজ এবং ফোন নং পাওয়া যাবে।

‘About us’ লিংক আমাদের সংগঠনের তৈরীর ইতিহাস থেকে আজ পর্যন্ত বিভিন্ন সম্মেলন-এর সাল, তারিখ, স্থান এবং নির্বাচিত সভাপতি, সাধারণ সম্পাদক এবং কোষাধ্যক্ষ সম্পর্কে তথ্য জানাবে।

‘Notices and Correspondance’ লিংক এর মাধ্যমে সংগঠন তার সদস্যদের দাবী দাওয়া এবং পেশাগত সমস্যা সমাধানে কি পদক্ষেপ নিয়েছে এবং তৎসংক্রান্ত চিঠিপত্রের বিষয় জানা যাবে। সংগঠনের সভার দিন, তারিখ, আলোচ্য সূচি, আলোচিত বিষয়, গৃহীত সিদ্ধান্তও সদস্যরা জানতে পারবেন। দূরবর্তী স্থানে কর্মরত অধ্যক্ষরা, সারা রাজ্যে ছড়িয়ে থাকা আমাদের সদস্য অধ্যক্ষদের সঙ্গে নিরন্তর যোগাযোগের মাধ্যম গড়ে তুলতে সক্ষম হব আশা রাখি।

অন্যান্য বৈশিষ্ট্য :

আমরা চেষ্টা করেছি ওয়েবসাইট-টি কে ‘এক জানালা’ সুবিধায়ুক্ত করার। আমাদের ওয়েবসাইট থেকে সরাসরি যে সব সাইট সংযুক্ত করা আছে সেগুলি হোল —

২। কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন দপ্তর।

৩। বিশ্ববিদ্যালয় অনুদান আয়োগ।

৪। পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন

এর ফলে প্রয়োজনীয় সমস্ত সরকারী আদেশনামা প্রকাশিত হওয়ামাত্র জানা যাবে।

৫। বিশ্ববিদ্যালয়গুলির ওয়েবসাইট—কলকাতা, যাদবপুর, বর্ধমান, উত্তরবঙ্গ, বিদ্যাসাগর, গৌরবঙ্গ, পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয়, কল্যাণী, রবীন্দ্রভারতী, WBUT, নেতাজী সুভাষ এবং বেসু।

৬। WBCUTA এবং AIFUCTO Website ও সংযোজিত করা হয়েছে।

আমরা কলকাতা জাতীয় গ্রন্থাগার, কলকাতাহিত ব্রিটিশ কাউন্সিল এবং আমেরিকান সেন্টার গ্রন্থাগারগুলিকে সংযুক্ত করেছি।

এছাড়া গবেষণার সুবিধার জন্য এবং বিভিন্ন রাশিতত্ত্ব সংক্রান্ত তথ্য জানার জন্য কেন্দ্রীয় সরকার অনুমোদিত ২১৯টি গবেষণা কেন্দ্র / সংস্থা (তালিকা সংযোজিত করা আছে) এবং কেন্দ্রীয় অর্থমন্ত্রক, জাতীয় নমুনা সমীক্ষা, ভারতীয় রাশিতত্ত্ব সংস্থার ওয়েবসাইটও সংযুক্ত করা হয়েছে।

যে সকল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট আমার সংযুক্ত করেছি—সেই সব বিশ্ববিদ্যালয়-এর মাননীয় উপাচার্যদের কাছে আমাদের বিনীত নিবেদন—তারাও যদি আমাদের ওয়েবসাইটকে সেই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের সঙ্গে সংযুক্ত করেন, তাহলে পারস্পরিক আদানপ্রদানের মাধ্যমে উভয় পক্ষই সমৃদ্ধ হবে।

আমরা আনন্দিত যে সংবাদ মাধ্যম, বৈদ্যুতিন মাধ্যম এবং দৈনিক পত্র পত্রিকার সাংবাদিক বন্ধুরা ও আমাদের মধ্যে উপস্থিত আছেন। উচ্চশিক্ষা সংক্রান্ত খবর সংগ্রহ করতে গিয়ে তাঁদের অনেক সময় অসুবিধের মধ্যে পড়তে হয়। আমাদের ওয়েবসাইটে—যেহেতু কলেজের নন্দর, অধ্যক্ষদের নন্দর, পঠিত বিষয় সমূহ এবং সরকারী আদেশনামা এবং আমাদের সাংগঠনিক মতামত—সবই প্রকাশিত হবে—তাই এই ওয়েবসাইট সমস্ত গণমাধ্যমের সাংবাদিক বন্ধুদের পেশাগত কাজে সহায়ক হবে বলে আমাদের বিশ্বাস।

ধন্যবাদান্তে

অঞ্জন সেনগুপ্ত

সাধারণ সম্পাদক

নিখিলবঙ্গ অধ্যক্ষ পরিষদ